# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৭৩

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানীর দিনের ভাষণ, আইয়্যামে তাশরীক্বে পাথর মারা ও বিদায়ী তাওয়াফ করা

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَرْمُلْ فِي السَّبْعِ الَّذِي أَفَاضَ فِيهِ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ

## বাংলা

২৬৭৩-[১৫] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফে ইফাযার (তাওয়াফে যিয়ারার) সাত চক্কর রমল করেননি (জোর পায়ে চলেননি)। (আবূ দাঊদ ও ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২০০১, তিরমিযী ৩০৬০, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৯৪৩, মুসতাদ্রাক লিল হাকিম ১৭৪৬, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯২৮৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فِى السَّبْعِ الَّذِىْ أَفَاضَ فِيهِ) অর্থাৎ- তাওয়াফে ইফাযাতে কোন ‘‘রমল’’ নেই, যেমনিভাবে তাওয়াফুল ওয়াদা' তথা বিদায়ী তাওয়াফে ‘‘রমল’’ নেই। ‘‘রমল’’ শুধুমাত্র তাওয়াফুল কুদূমে আছে। এ হাদীসটি প্রমাণ করছে তাওয়াফে কুদূমের ক্ষেত্রে যেমন ‘‘রমল’’ করা বিধিসম্মত করা হয়েছে তেমনিভাবে তাওয়াফে যিয়ারাতে ‘‘রমল’’-কে বিধিসম্মত করা হয়নি।

ইমাম ত্ববারী (রহঃ) বলেন, এ হাদীস প্রমাণ করছে যে, ‘‘রমল’’ তাওয়াফে কুদূমের সাথে নির্দিষ্ট অথবা ‘‘রমল’’ ঐ সমস্ত তাওয়াফের ক্ষেত্রে প্রযোজ্য হবে যাতে সা‘ঈ রয়েছে। এ দু’টি কথাই মূলত ইমাম শাফি‘ঈ (রহঃ)-এর, তবে ‘‘রমল’’ তাওয়াফে কুদূমের সাথে নির্দিষ্ট- এ কথাটি সর্বাধিক সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57233

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন